## The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 17 November, 2025

## মার্কিন অভিবাসন নীতিতে পরিবর্তন, কঠিন হচ্ছে গ্রিন কার্ড

## - A Monitor Desk Report



## ঢাকা : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসন ভ্রমণ নিষেধাজ্ঞার আওতাভুক্ত দেশগুলোর নাগরিকদের জন্য গ্রিন কার্ডসহ বিভিন্ন অভিবাসন সুবিধা সীমিত করার নতুন নীতি আনতে যাচ্ছে।

হোমল্যান্ড সিকিউরিটির খসড়া নীতিতে ইউএসসিআইএস কর্মকর্তাদের এসব দেশের আবেদনকারীদের স্বয়ংক্রিয়ভাবে "নেতিবাচক" হিসেবে মূল্যায়নের নির্দেশ দেওয়া হতে পারে।

নতুন নীতি গ্রিন কার্ড, আশ্রয়, প্যারোলসহ কয়েকটি সুবিধার ক্ষেত্রে প্রযোজ্য হবে, তবে নাগরিকত্ব আবেদনে নয়। সমালোচকরা বলছেন, এতে বৈধ অভিবাসীরাও অন্যায্যভাবে ক্ষতিগ্রস্ত হবেন।

খসড়া অনুযায়ী, যেসব দেশ পরিচয় যাচাই বা নিরাপত্তা-সংক্রান্ত তথ্য যথেষ্ট শেয়ার করে না, পাসপোর্ট নিরাপত্তা রক্ষা করতে ব্যর্থ বা পর্যাপ্ত নথি সরবরাহ করতে পারে না⊔এমন দেশগুলোই এই নীতির টার্গেট।

বর্তমানে ট্রাম্প প্রশাসনের ভ্রমণ নিষেধাজ্ঞায় আফগানিস্তান, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান, ইয়েমেনসহ ১২টি দেশ পুরোপুরি এবং আরও ৭টি দেশ আংশিক নিষেধাজ্ঞায় রয়েছে।

সমালোচকদের মতে, সংশ্লিষ্ট দেশের সরকারি দুর্বলতার দায় সাধারণ নাগরিকদের ওপর চাপানো হচ্ছে এবং এর ফলে অভিবাসন আবেদন প্রত্যাখ্যান আরও বাড়বে।